দৈনিক বাংলা

তারিখ ৮।৩।৮১
পৃষ্ঠা ... কলাম ...

095

বিশ্ব মুসলিম শিক্ষা সম্মেলন

# শিক্ষাক্ষেত্রে পশ্চাদপদতা মোকাবেলার আহ্বান

বাসস ও এনা জানায়, গতকাল (শনিবার) মুসলিম শিক্ষা সম্মেলনের চতুর্থ অধিবেশনে পাঠ্যসূচী প্রণয়ন ও উহা ইসলামী ভাবধারাসমৃদ্ধ করার সমস্যা লইয়া বিস্তারিত আলোচনা হয়। সম্মেলনে মাধ্যমিক পর্যায়ে পাঠ্যবই রচনার রূপরেখা লইয়াও আলোচনা হয়।

বাংলাদেশ ইসলামিক ফাউণ্ডেশনের সাবেক পরিচালক জনাব আবদুল হক ফরিদীর সভাপতিত্বে অনুষ্ঠিত গতকালের বৈকালিক অধিবেশনে তিনটি নিবন্ধ পাঠ করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক কে, টি হোসেন 'মুসলিম বিশ্বে মাধ্যমিক পর্যায়ে সমাজবিজ্ঞান শিক্ষা : পাঠক্রম, পাঠ্যসূচী, পাঠ্যবই ও শিক্ষকতার সুযোগ-সুবিধা' শীর্ষক নিবন্ধে বলেন, সমাজ বিজ্ঞান শিখানর সময়

( ৮ম পৃঃ ৮-এর কঃ দ্রঃ )

বিশ্বমুসলিম শিক্ষা সম্মেলন

( ১ম পৃঃ পর )

বিশ্বব্যাপী মুসলিম উম্মাহর অস্তিত্ব সম্পর্কে চেতনা সৃষ্টি করা প্রয়োজন। তিনি বলেন, মুসলিম বিশ্বে শিক্ষার পশ্চাদপদতা একটি চ্যালেঞ্জস্বরূপ এবং বিভিন্ন দিক হইতে উহার মোকাবেলা করিতে হইবে। পাঠক্রম ও পাঠ্যসূচী এমনভাবে প্রণয়ন করিতে হইবে যাহাতে বর্তমান পশ্চাদপদতা কাটাইয়া উঠা যায়।